

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.২৩.৭

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯

০৬ মার্চ ২০২৩

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগ খোলার অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিভাগ খোলার অনুমতি প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১	শোল্লা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, নবাবগঞ্জ, ঢাকা।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা
২	মাজবাড়ী উচ্চ বিদ্যালয়, বালিয়াকান্দি, রাজবাড়ী।	মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা
৩	শৈয়ারভাঙ্গা উচ্চ বিদ্যালয়, সদর, মাদারীপুর।	মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা
৪	কাজিমদ্দিন চৌধুরী স্কুল এন্ড কলেজ, চান্দানা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা
৫	মহলগিরি উচ্চ বিদ্যালয়, ইসলামপুর, জামালপুর।	মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা
৬	আমলাগাছী দবির উদ্দিন বালিকা উচ্চ, পলাশবাড়ী, গাইবান্ধা।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা

বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সন্নিবেশ করে নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড-কে অনুরোধ করা যেতে পারে।

- (১) মাধ্যমিক পর্যায়ের বিভাগ খোলার ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ);
- (২) উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিভাগ খোলার ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারী শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ; এবং
- (৩) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল নম্বর।



৬-৩-২০২৩

মো: মিজানুর রহমান

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল:

nongovt.secondary.sec1@shed.gov.bd

বিতরণ :

১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা

২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা  
বোর্ড, ময়মনসিংহ

৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.২৩.৭/১(৫)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯

০৬ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধসহ]
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-৩-২০২৩

মো: মিজানুর রহমান

উপসচিব